

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org

সাকুলার- ০১/২০২১

তারিখ : ০৭ - ০১ - ২০২১

কনভেনর প্রাইমারী ইউনিট,/ সম্পাদক জেলা কমিটি

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,

ইংরাজী নতুন বছরে আপনাদের শুভেচ্ছা। আশা রাখি গত বছরের অতিমারী ও সুপার সাইক্লোনের গ্লানি এবং প্রভূত ক্ষয়ক্ষতি কাটিয়ে উঠে ধীরে ধীরে ছন্দে ফিরবে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো।

আপনারা অবগত আছেন যে HRA নিয়ে রাজ্য সরকারের ১১-১১-২০২০ র আদেশনামায় কলেজে চাকুরীরত শিক্ষকদের বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত স্বামী অথবা স্ত্রীর ক্ষেত্রেও উর্ধ্বসীমাটি প্রয়োগ করার বিষয়টি উল্লেখ আছে এবং এই আদেশনামা দেখিয়ে বিভিন্ন কলেজের অধ্যাপকদের নতুন বেতনক্রমের বকেয়া প্রদান সংক্রান্ত সমস্যা তৈরী করা হচ্ছে। এই আদেশনামা প্রত্যাহার করার দাবি জানাচ্ছে পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি।

D.A. সংক্রান্ত সরকারী আদেশনামায় DA প্রদানের ক্ষেত্রে যে উর্ধ্বসীমা নির্ধারণ করা হয়েছে তাতে অনেকেই এর থেকে বঞ্চিত হবেন। কিন্তু UGC র যে নির্দেশনামা আছে তার সাথে এটি সামঞ্জস্যপূর্ণ নয়। এ ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে ইতিমধ্যেই সমিতি চিঠি দিয়েছে। আমরা দাবি করছি DA প্রদানের উর্ধ্বসীমা UGCর আদেশনামা অনুযায়ী করার জন্য।

সংবাদপত্রের মাধ্যমে আপনারা অবগত হয়েছেন বরিশা বিবেকানন্দ মহিলা কলেজের অধ্যক্ষ ও দুজন অধ্যাপিকাকে পাবলিক ইন্টারেস্ট বদলি করা হয় ২০১৭ সালের পশ্চিমবঙ্গ বিশ্ববিদ্যালয় ও কলেজ প্রশাসন ও নিয়ন্ত্রণ আইন অনুযায়ী। কিন্তু অধ্যাপক সমিতি ইতিমধ্যেই এ বিষয়ে বদলির ব্যাপারে স্মৃতিতাদেশ আদায় করেছে। ঐ কলেজের শিক্ষকগণ মামলা করেন এবং সমিতি তার বদলি সংক্রান্ত স্মৃতিতাদেশের কপি তাঁদের পাঠায়। সমিতির স্মৃতিতাদেশের কপি মহামান্য আদালতে দেখানোর সুবাদেই তাঁরাও স্মৃতিতাদেশ পান।

বর্তমানে কলেজ সার্ভিস কমিশনে শিক্ষক নিয়োগের প্রক্রিয়া চলছে তাতে নানা ধরনের অসঙ্গতির কথা শোনা যাচ্ছে। সকলেই অবগত আছেন যে কলেজ সার্ভিস কমিশনের পূর্বতন নিয়োগ প্রক্রিয়ায় একাধিক বিষয়ের মেধা তালিকা এখনও প্রকাশিত হয়নি। সমিতি এই স্পর্শকাতর বিষয়গুলি নিয়ে কলেজ সার্ভিস কমিশনকে অবিলম্বে সদর্থক পদক্ষেপ গ্রহণ করার দাবী জানাচ্ছে।

স্বনামধন্য অধ্যাপক অমর্ত্য সেনকে বিশ্বভারতী কর্তৃপক্ষ যেভাবে অসম্মান করার চেষ্টা করছে সমিতি তীব্র ভাষায় তার নিন্দা করছে এবং ইতিমধ্যেই এর প্রতিবাদ করে সমিতি প্রেস বিবৃতি দিয়েছে।

যাদবপুর বিশ্ববিদ্যালয় বেশ কয়েকদিন ধরে ছাত্র আন্দোলন নিয়ে যে অবস্থা তৈরী হয় তাতে সমিতি উদ্বেগ প্রকাশ করছে। পরীক্ষার নম্বর বেআইনী ভাবে বাড়ানো নিয়ে রাজ্যের বেশ কিছু শিক্ষক ছমকির মুখে পড়ছেন, এর নবতম সংযোজন অধ্যাপক সমিতির এক বরিষ্ঠ পদাধিকারী। সমিতি এই ঘটনার তীব্র নিন্দা করছে এবং সেই সঙ্গে রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অনলাইন পরীক্ষাকে ঘিরে যে অস্বচ্ছতা, শিক্ষকদের সম্মানহানী ও মানসিক নিগ্রহের ঘটনা ঘটছে তাতে গভীর উদ্বেগ প্রকাশ করছে অধ্যাপক সমিতি।

কলেজ ও বিশ্ববিদ্যালয় খোলা না থাকার ফলে সদস্যপদ নবীকরণের কাজ অনেকখানি করা যায়নি। এব্যাপারে আপনাদের অনুরোধ ফেব্রুয়ারী ২০২১ এর মধ্যে সদস্যপদ নবীকরণ করার কাজটি সম্পন্ন করুন।


বর্তমানে সমিতি সপ্তাহে তিন দিন (মঙ্গলবার, বৃহস্পতিবার ও শনিবার) খোলা রাখা হচ্ছে। **Online** -এ বা সরাসরি সমিতির দপ্তরে সদস্যপদ নবীকরণের কাজটি করতে পারেন।

সমিতির নতুন **United Bank of India** থেকে **PUNJAB NATIONAL BANK** হয়েছে তার **details** টা দেওয়া হল।

Name : West Bengal College and University Teachers' Association/WBCUTA
Bank : PUNJAB NATIONAL BANK
Branch : COLLEGE STREET BRANCH
IFS Code : PUNB0008320
MICR CODE : 700024205
Account No. 0083010798347

সুস্থ থাকুন ভালো থাকুন

ধন্যবাদান্তে-



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪